# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 28 April, 2025

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস প্রসঙ্গে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'তিনি নোবেল পুরস্কার বিজয়ী, আন্তর্জাতিকভাবে স্বীকৃত একজন মানুষ।তাঁর নেতৃত্বে একটি সুষ্ঠু নির্বাচন হবে বলে আমরা আশা করি।

আজ সোমবার সন্ধ্যায় ঠাকুরগাঁও সদর উপজেলার বড় খোঁচাবাড়ী হাইস্কুল মাঠে বিএনপি আয়োজিত গণসংযোগ কর্মসূচিতে মির্জা ফখরুল এসব কথা বলেন।তিনি আরও বলেন, গত ১৫ বছর আওয়ামী লীগ সরকারের সময় বিএনপি নেতা-কর্মীদের ওপর দমন-পীড়ন চালানো হয়েছে।মিথ্যা মামলা, গ্রেপ্তার ও নির্যাতনের মধ্য দিয়ে সময় পার করতে হয়েছে।এখন পরিবর্তনের সুযোগ এসেছে।১৫ বছর দেশের মানুষের ভোটের অধিকার ছিল না জানিয়ে বিএনপি মহাসচিব বলেন, 'আওয়ামী লীগ নিজেরাই সিল মেরে ক্ষমতায় এসেছে।এখন আমরা আমাদের ভোটের অধিকার ফেরত পাওয়ার সুযোগ পেয়েছি।

নারীদের নিরাপত্তার প্রসঙ্গ তুলে মির্জা ফখরুল বলেন, আওয়ামী লীগ সরকারের আমলে নারীরা নিরাপত্তাহীনতায় ভুগেছেন।শেখ হাসিনার তৈরি করা অবস্থা এখনো দূর হয়নি।নির্বাচিত সরকার গঠন ছাড়া এই সমস্যা দূর হবে না।

বিএনপি মহাসচিব অভিযোগ করেন, আওয়ামী লীগ ২৬ লাখ কোটি টাকা বিদেশে পাচার করেছে।শেখ হাসিনা ও তাঁর দলের নেতারা দুর্নীতির কারণে এখন ভীত-সন্ত্রস্ত।

মির্জা ফখরুল বলেন, 'আমরা প্রতিহিংসার রাজনীতি করব না।দেশনেত্রী খালেদা জিয়া ও তারেক রহমান স্পষ্ট করে বলে দিয়েছেন, সরকার পরিবর্তনের পর কোনো প্রতিশোধ নয়,

ভালোবাসা দিয়ে দেশ গড়ে তোলা হবে।

বিভিন্ন ধর্মের মানুষের সহাবস্থানের কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, ‘বিএনপি সরকার মন্দির পাহারা দিয়েছিল।আমরা হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিষ্টান সবাইকে নিয়ে একসঙ্গে বাস করতে চাই। আওয়ামী লীগের বিরুদ্ধে আলেম-ওলামাদের ওপর নির্যাতনের অভিযোগ এনে তিনি বলেন, শাপলা চত্বরে মাদ্রাসার ছাত্রদের ওপর গুলি চালানো হলেও এখন পর্যন্ত তার বিচার হয়নি।

মির্জা ফখরুল এর আগে বিকেলে সদর উপজেলার জগন্নাথপুর ইউনিয়নের শেখবাজারে স্থানীয় নেতা-কর্মী ও সুধীজনদের সঙ্গে মতবিনিময় করেন।এ সময় তিনি বলেন, এই দেশে এখন কোনো এমপি নেই।জনগণের সমস্যা হলে তারা কোথায় যাবে? এ জন্যই অবিলম্বে একটি নিরপেক্ষ নির্বাচনের রোডম্যাপ প্রয়োজন।আগামী নির্বাচনে বিজয়ী হলে বিএনপি চাকরির সুযোগ সৃষ্টি ও যুবসমাজের কর্মসংস্থানের ওপর বিশেষ গুরুত্ব দেবে।

এ সময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক মির্জা ফয়সল আমীন, সহসভাপতি ওবায়দুল্লাহ মাসুদ, অর্থ সম্পাদক শরিফুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি আব্দুল হামিদসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

উপদেষ্টা নির্বাচন পুরস্কার বিএনপি ড. মুহাম্মদ ইউনূস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:58

URL: https://www.timestodaybd.com/public/rangpur/1578775807